

**ভূগমল পর্যায়ে কম্পিউটার শিক্ষা
 রাজশাহী বোর্ড স্কুল ও মাদ্রাসায়
 কম্পিউটার বিতরণ করেছে**

নিজস্ব খাজা পরিবেশক, রাজশাহী :
 ভূগমল পর্যায়ে কম্পিউটার শিক্ষা বিস্তারের
 লক্ষ্যে রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ১শ' ৩৯
 টি মাধ্যমিক স্কুল ও মাদ্রাসায় বিতরণের
 জন্য সরকার ২শ' ৭৮ টি কম্পিউটার, ১শ'
 ৩৯ টি প্রিন্টার, ১শ' ৩৯ টি ইউপিএস এবং
 অন্যান্য স্বাব্যয়িক সরঞ্জামাদি সরবরাহ
 করেছে।

গত ১১ ই মে সকালে রাজশাহী শিক্ষা
 বোর্ডের চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম
 শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ১শ' ২৩ টি
 মাধ্যমিক ও ১৬ টি মাদ্রাসার প্রতিনিধির কাছে
 কম্পিউটার ও অন্যান্য সম্মতি বিতরণ করেন।
 এসময় শিক্ষা বোর্ডের সচিব প্রফেসর
 বিক্রমউদ্দিন, বিদ্যালয় পরিদর্শক মোয়াজ্জেম
 হোসেন, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
 শফিকুল ইসলাম, উপ-বিদ্যালয় পরিদর্শক
 মোতাহারুল হক, উপ-সচিব (ভাষার),
 এ.কে.ফজলুল হকসহ বোর্ডের অন্য
 কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

কম্পিউটার বিতরণের আগে অন্যদের
 মধ্যে বোর্ড চেয়ারম্যান প্রফেসর নজরুল
 ইসলাম কম্পিউটার ব্যবহার সম্পর্কে সমাজ
 সচেতনতা ও ব্যবহার প্রণালী বিষয়ে সর্ফিক্ত
 বক্তব্য তুলে ধরেন।